# ইসবপুর ইউনিয়ন সেপ্টেম্বর/২১ মাসের সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ইমরুল কায়েশ (বাদল), চেয়ারম্যান, ইসবপুর ইউপি, ধামইরহাট, নওগাঁ;
সভার স্থান ঃ ইউনিয়ন পরিষদ সভা কক্ষ;
তারিখ ঃ ০৬/০৯/২০২১;
সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা;
সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত সকলের উদ্দেশ্যে সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধনের গুরুত্ব ও প্রয়োজনীয়তা তুলে ধরেন। সভাতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোনরূপ সংশোধন, সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

১. মনিটরিং অফিসারের পরিচিতি এবং স্বাগতম জানানোঃ

আলোচ্য বিষয়ের আলোচনাকালে সভাপতি মহোদয় জানান যে, জন্ম-মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর বিধি-২(১৯) এর আলোকে উপজেলা নির্বাহী অফিসার, ধামইরহাট, নওগাঁ গত ০২/০৮/২০২১ইং তারিখের ৬৮৩নং স্মারকপত্রের মাধ্যমে জনাব সোহেল রানা, উপজেলা সমাজসেবা অফিসার, ধামইরহাট, নওগাঁকে ইসবপুর ইউনিয়নের জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম পরিদর্শক হিসেবে দায়িত্ব প্রদান করেছেন। আজকের সভাতে পরিদর্শক মহোদয় উপস্থিত থাকায় তার সঙ্গে কুশলাদি বিনিময় করা হয় এবং সকলেই নিজ নিজ অবস্থান থেকে সরকারের নির্দেশনা যথাযথ পালন করব মর্মে সকলেই আশাবাদ ব্যক্ত করেন।

২. ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনাঃ

সভাতে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনাকালে জানা যায় যে, ইসবপুর ইউনিয়নে গত মাসে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের হার খুবই সন্তোষজনক। এই সন্তোষজনক ফলাফলের জন্য সভাপতি উক্ত কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে বিশেষতঃ গ্রামপুলিশ ও কমিটির সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানান। তিনি আরও জানান যে, জন্ম-মৃত্যু নিবন্ধন আইন-২০০৪ (সংশোধিত ২০১৩) এর ৮(১) ও ৮(২) ধারা অনুযায়ী শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন করার বাধ্যবাধকতা রয়েছে। উক্ত আইনের ধারা অনুযায়ী সরকার কর্তৃক জন্মের বা মৃত্যুর ৪৫ দিনের নিবন্ধন শতভাগকরণের কঠোর নির্দেশনার কথাও তিনি সভাতে উল্লেখ করেন। শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য নিবন্ধকের নিকট প্রদানের বিষয়ে অভিভাবকগণকে সচেতন করার বিষয়ে তিনি সকল সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং প্রচার-প্রচারণা অব্যহত রাখারও আহবান জানান।

সভাতে ইউপি সদস্যবৃন্দ জানান যে, আমাদের প্রচার-প্রচারণা যথাযথ হচ্ছে এবং জনগণের মধ্যে পরিবর্তনও লক্ষ্য করা যাচ্ছে। কিছু কিছু অভিভাবক এ বিষয়ে অনিহা প্রকাশও করছে, তাদেরকে আইন ও বিধির আলোকে বুঝানোর ফলে তারাও আগ্রহ প্রকাশ করছে মর্মে সভাকে অবহিত করেন।

সহকারী স্বাস্থ্য পরিদর্শক জনাব এস.এম হেলাল-ই-রব্বানী জানান যে, তাদের বিভাগের পক্ষ থেকেও ব্যাপক প্রচার করা হচ্ছে; প্রতি সপ্তাহের ইপিআই টিকা প্রদানের সময়ও তারা নবাগত শিশুর পিতা-মাতাকে তাদের নিবন্ধন করার বিষয়ে জোর পরামর্শ প্রদান করছেন। পাশাপাশি মৃত্যু নিবন্ধনের জন্যও তারা জনগণকে পরামর্শ প্রদান করছেন।

পরিবার পরিকল্পনা পরিদর্শক জনাব মোসা: নাসিমা বেগম জানান যে, তাদের বিভাগের কর্মীগণ যখন মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করছেন তখন তারা সকল স্তরের জনগণকে শিশুর জন্মের পরপরই জন্ম নিবন্ধন করার বিষয়ে সচেতন করছেন। এছাড়াও তাদের পক্ষ থেকে প্রতি মাসের নির্ধারিত ফরমে তথ্যও নিয়মিত প্রদান করছেন। গত মাসের রিপোর্টের সাথে গর্ভবতী মহিলাদের তালিকা প্রদান করায় সভাপতি মহোদয় পরিবার পরিকল্পনা বিভাগের সকলকে ধন্যবাদ জানান।

এনজিও প্রতিনিধি (ব্র্যাক) জনাব মোঃ রবিউল ইসলাম জানান যে, তাদের কর্মীগণ প্রতিদিনই ঋণ আদায়ের জন্য গ্রামে গ্রামে যান, সেখানে তারা সকল বয়সী ব্যক্তির জন্ম নিবন্ধনের বিষয়ে ইতিপূর্বে প্রচার করেছেন; কিন্তু বর্তমানে শিশুর ০-৪৫ দিনের মধ্যে ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের কঠোর নির্দেশনা থাকায় তারাও জোর প্রচারনা চালাবেন মর্মে সভাকে অবহিত করেন।

মোঃ মাহফুজুল আলম লাকী, সভাপতি, ইসবপুর ইউনিয়ন আওয়ামীলীগ ও বিশিষ্ট সমাজ সেবক, সভাতে জানান যে, এই কমিটির সকল সদস্যের ব্যাপক প্রচার-প্রচারণার ফলে জনগণের মাঝে একটি ইতিবাচক পরিবর্তন দৃশ্যমান হয়েছে। ভবিষ্যতে এই প্রচাণা অব্যহত থাকলে আমরা আমাদের কাংক্ষিত লক্ষ্যে অবশ্যই পৌঁছতে পারবো বলে তিনি আশা প্রকাশ করেন। তার পক্ষ থেকে সকল প্রকার প্রচারনাও জোরদার করবেন মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরও জানান যে, তারা প্রায়ই বিভিন্ন স্থানে জানাযায় যান, সেখানে তিনি মৃত্যু নিবন্ধনের বিষয়েও প্রচারনা করবেন।

সিদ্ধান্ত-১ঃ ০-৪৫ দিন বয়সী শিশুর জন্মা নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের জন্য কার্যকর প্রচার-প্রচারণা চলছে এবং ভবিষ্যতেও এই প্রচারণা অব্যহত থাকবে। কাংক্ষিত বয়সী শিশুর নিবন্ধনের জন্য শিশুর পিতা-মাতা/আত্মীয়-স্বজন/অভিভাবকগণের এবং মৃত্যুর ৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধনের জন্য সচেতনতা বৃদ্ধি কার্যক্রম জোরদার করা হবে। সদ্য জন্ম গ্রহণকৃত শিশুর নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন সঠিকভাবে হচ্ছে কিনা তা সদস্যগণ সময়ে সময়ে তদারকি করবেন। গ্রামপুলিশগণ সদ্য জন্মগ্রহণকৃত শিশুর তথ্য ও মৃত ব্যক্তির তথ্য সংগ্রহে সদা তৎপর থাকবেন; প্রাপ্ত তথ্য তারা সরবরাহকৃত রেজিস্টারে সঠিকভাবে লিপিবদ্ধ করবেন। জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য ওয়ার্ড সদস্যগণ নিজ নিজ ওয়ার্ডের মসজিদের মাইকেও প্রচারের ব্যবস্থা করবেন।

বাস্তবায়নকারীঃ চেয়ারম্যান, সচিব, ওয়ার্ড সদস্যবৃন্দ, গ্রামপুলিশবৃন্দ এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

৩. আগস্ট/২১ মাসের জন্ম-মৃত্যু নিবন্ধনের তথ্য পর্যালোচনাঃ

সভাতে গত মাসের জন্ম-মৃত্যু নিবন্ধনের তথ্য উপস্থাপনের জন্য সচিব সাহেবকে অনুমতি প্রদান করা হয়। সচিব সাহেব নিম্নোক্ত তথ্য সভাতে উপস্থাপন করেন।

আগস্ট/২০২১ মাসের ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন সংক্রান্ত তথ্য

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | মাসের নাম | জন্ম গ্রহণকৃত শিশুর সংখ্যা | ০-৪৫ দিন বয়সী শিশুর নিবন্ধনের সংখ্যা | ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম সনদ প্রস্তুতের সংখ্যা | ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম সনদ বিতরণের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | ধামইরহাট | ৭নং ইসবপুর ইউপি | আগস্ট/২০২১ | ২৮ | ২৯ | ২৯ | ২৯ |

আগস্ট/২০২১ মাসের ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য

| ক্রমিক নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | মাসের নাম | মৃত্যুর সংখ্যা | ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধনের সংখ্যা | ০-৪৫ দিন বয়সী মৃত্যু সনদ প্রস্তুতের সংখ্যা | ০-৪৫ দিন মৃত্যু সনদ বিতরণের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | ধামইরহাট | ৭নং ইসবপুর ইউপি | আগস্ট/২০২১ | ১৫ | ২০ | ২০ | ২০ |

| ওয়ার্ড ভিত্তিক তথ্য/আগস্ট | | | |
|---|---|---|---|
| ওয়ার্ড নং | জন্ম নিবন্ধন সংখ্যা | মৃত্যু নিবন্ধন সংখ্যা | মোট নিবন্ধন |
| ১ | ২ | ৩ | ৫ |
| ২ | ২ | ১ | ৩ |
| ৩ | ৫ | ৫ | ১০ |
| ৪ | ৪ | ০ | ৪ |
| ৫ | ৫ | ২ | ৭ |
| ৬ | ১ | ৩ | ৪ |
| ৭ | ৩ | ২ | ৫ |
| ৮ | ৩ | ০ | ৩ |
| ৯ | ৪ | ৪ | ৮ |
| মোট | ২৯ | ২০ | ৪৯ |

উপস্থাপনকৃত তথ্য পর্যালোচনান্তে দেখা যায় যে, ইসবপুর ইউনিয়নের ০-৪৫ দিনের জন্ম ও মৃত্যু হার প্রকৃতই সন্তোষজনক। সভাপতি এই কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করেন। আগামী দিনগুলোতে এই হার যেন আরও বৃদ্ধি পায় সে বিষয়ে সকলকে সজাগ থাকার জন্য সভাপতি মহোদয় আহ্বান জানান।

সিদ্ধান্তঃ জন্ম-মৃত্যু নিবন্ধনের এই হারকে আগামী দিনগুলোতে আরও বেশি করার জন্য সকলকে সচেতন থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নকারীঃ চেয়ারম্যান, সচিব, ওয়ার্ড সদস্যবৃন্দ, গ্রামপুলিশবৃন্দ এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

৪. শ্রেষ্ঠ গ্রামপুলিশ নির্বাচন, পুরস্কার প্রদান এবং অসহযোগিতার জন্য তিরস্কার প্রদানঃ

আগস্ট/২০২১ মাসে ০-৪৫ দিন বয়সী মোট ০৫টি শিশুর জন্ম নিবন্ধন ও ০৫টি মৃত্যু নিবন্ধন সম্পন্নকরণে সহযোগিতা করার জন্য ইসবপুর ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ৩নং ওয়ার্ডের গ্রামপুলিশ জনাব অভিলাশ চন্দ্র মালাকে আন্তরিক ধন্যবাদ জানানো হয়; তাকে পরিষদের পক্ষ থেকে একটি ধন্যবাদপত্র ও সামান্য প্রাইজমানিও প্রদান করা হয়। পাশাপাশি আগস্ট/২০২১ মাসে ২নং ও ৮নং ওয়ার্ডে ০-৪৫ দিন বয়সী শিশুর জন্ম নিবন্ধন ও ০-৪৫ দিন বয়সী মৃত্যু নিবন্ধন কম হওয়ায় উক্ত ওয়ার্ডের সদস্য এবং গ্রামপুলিশকে সচেষ্ট হবার জন্য অনুরোধ করা হয়।

সিদ্ধান্তঃ জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমে সহযোগিতার জন্য প্রতিমাসেই একজন শ্রেষ্ট গ্রামপুলিশ নির্বাচন করা হবে; তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হবে এবং যে গ্রামপুলিশের কাজের অবহেলা প্রমাণিত হবে তার বেতন-ভাতা বন্ধ করা হবে এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাস্তবায়নকারীঃ চেয়ারম্যান, সচিব, ওয়ার্ড সদস্যবৃন্দ, গ্রামপুলিশবৃন্দ এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ।

আর কোন আলোচনা না থাকায়, ০-৪৫ দিন বয়সী সকল জন্ম ও মৃত্যু যেন আমরা সকলের সহযোগিতায় শতভাগ করতে পারি সেই আশাবাদ ব্যক্ত করে, সকলকে স্বাস্থ্য বিধি মেনে জলার আহ্বান জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্ত ঘোষনা করেন।

স্বাক্ষরিত
০৬-০৯-২০২১
মোঃ ইমরুল কায়েশ (বাদল)
সভাপতি
ইউপি জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি,
ইসবপুর, ধামইরহাট, নওগাঁ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৭নং ইসবপুর ইউপি কার্যালয়

ধামইরহাট, নওগাঁ।

www.7noisabpurup.naogaon.gov.bd
Email: 7isabpurup.dhamoirhat@gmail.com

স্মারক নং-ইসবপুরইউপি/জমনি(২৭)-১০৩

তারিখ: ০৯/০৯/২০২১ইং

বিষয়: সেপ্টেম্বর/২১ মাসের ইউপি সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে ৭নং ইসবপুর ইউনিয়নের সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
২। উপজেলা নির্বাহী অফিসার, ধামইরহাট, নওগাঁ।

০৯/০৯/২০২১
মিলন কুমার দেবনাথ
সচিব
৭নং ইসবপুর ইউনিয়ন পরিষদ
ধামইরহাট, নওগাঁ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৭নং ইসবপুর ইউপি কার্যালয়

ধামইরহাট, নওগাঁ।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

## সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স সভার নোটিশ প্রাপ্তিস্বীকার ও সভার উপস্থিতি (পরিশিষ্ট-ক)

| ক্র: নং | নাম | পদবী | কমিটিতে পদবী | নোটিশ প্রাপ্তির স্বাক্ষর | হাজিরার স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১. | মোঃ ইমরুল কায়েশ (বাদল) | চেয়ারম্যান | সভাপতি | | |
| ২. | মোঃ রেজাউল আকন্দ | ইউপি সদস্য | সদস্য | | |
| ৩. | মোঃ জাহিদ ছারোয়ার | ইউপি সদস্য | সদস্য | | |
| ৪. | মোঃ খেলাফত ইসলাম খেলুন | ইউপি সদস্য | সদস্য | | |
| ৫. | মোঃ মিলন দেওয়ান | ইউপি সদস্য | সদস্য | | |
| ৬. | মোঃ সাখাওয়াত হোসেন | ইউপি সদস্য | সদস্য | | |
| ৭. | মোঃ আবু ইউসুফ | ইউপি সদস্য | সদস্য | | |
| ৮. | মোঃ মাহমুদ হাসান | ইউপি সদস্য | সদস্য | | |
| ৯. | মোঃ গোলাম মোস্তফা | ইউপি সদস্য | সদস্য | | |
| ১০. | মোঃ আখতারুল ইসলাম | ইউপি সদস্য | সদস্য | | |
| ১১. | মোছাঃ জোসনা বেগম | ইউপি সদস্য | সদস্য | | |
| ১২. | মোছাঃ মালিহা খাতুন | ইউপি সদস্য | সদস্য | | |
| ১৩. | মোছাঃ সুইটি বানু | ইউপি সদস্য | সদস্য | | |
| ১৪. | এস.এম হেলাল-ই-রব্বানী | সহকারী স্বাস্থ্য পরিদর্শক | সদস্য | | |
| ১৫. | মোসা: নাসিমা বেগম | পরিবার পরিকল্পনা পরিদর্শক | সদস্য | | |
| ১৬. | মো: এনামুল হক | প্রধান শিক্ষক | সদস্য | | |
| ১৭. | কল্পনা রানী | এনজিও প্রতিনিধি | সদস্য | | |
| ১৮. | মো: রবিউল ইসলাম | এনজিও প্রতিনিধি | সদস্য | | |
| ১৯. | মো: মাহফুজুল আলম লাকী | স্থানীয় সমাজ সেবক | সদস্য | | |
| ২০. | প্রদীপ চন্দ্র মন্ডল | স্থানীয় সমাজ সেবক | সদস্য | | |
| ২১. | মো: মানিক হোসেন | দফাদার | সদস্য | | |
| ২২. | মো: মামুনুর রশিদ | মহল্লাদার | সদস্য | | |
| ২৩. | মো: রফিকুল ইসলাম | মহল্লাদার | সদস্য | | |
| ২৪. | মো: আছির উদ্দীন | মহল্লাদার | সদস্য | | |
| ২৫. | মো: আব্দুস ছামাদ | মহল্লাদার | সদস্য | | |
| ২৬. | মো: সাবুদ হোসেন | মহল্লাদার | সদস্য | | |
| ২৭. | মো: ছিদ্দিকুর রহমান | মহল্লাদার | সদস্য | | |
| ২৮. | শ্রী: রবি চরন দাস | মহল্লাদার | সদস্য | | |
| ২৯. | অভিলাশ চন্দ্র মালা | মহল্লাদার | সদস্য | | |
| ৩০. | মো: দেলোয়ার হোসেন | মহল্লাদার | সদস্য | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৭নং ইসবপুর ইউপি কার্যালয়

ধামইরহাট, নওগাঁ।

www.7noisabpurup.naogaon.gov.bd
Email: 7isabpurup.dhamoirhat@gmail.com

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি।

স্মারক নং-ইসবপুরইউপি/জমনি(২৭)- ৬১৬ তারিখ: ৩১/০৮/২০২১ইং

## সভার নোটিশ

এতদ্বারা ইসবপুর ইউনিয়ন পরিষদের সার্বজনীন জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৬/০৯/২০২১ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক সেপ্টেম্বর/২০২১ মাসের সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভাতে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সভার আলোচ্য বিষয়:

১. গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
২. ০-৪৫ দিন বয়সী জন্ম ও মৃত্যু নিবন্ধন ত্বরান্বিতকরণ।
৩. ১ বছর বয়সী জন্ম নিবন্ধন ত্বরান্বিতকরণ।
৪. সকল বয়সী ব্যক্তির জন্ম-মৃত্যু নিবন্ধন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি।
৫. বিবিধ।

জনাব,

.......................................................................;

সদস্য, ইউপি জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি, ইসবপুর ইউপি,
ধামইরহাট, নওগাঁ।

৩১/০৮/২০২১

মিলন কুমার দেবনাথ
সচিব
৭নং ইসবপুর ইউনিয়ন পরিষদ
ও সদস্য-সচিব
ইউপি জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি,
ধামইরহাট, নওগাঁ।

মিলন কুমার দেবনাথ
সচিব
৭নং ইসবপুর ইউনিয়ন পরিষদ
ধামইরহাট, নওগাঁ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলোঃ

১. উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
২. উপজেলা নির্বাহী অফিসার, ধামইরহাট, নওগাঁ।
৩. মনিটরিং অফিসার, ইউপি জন্ম-মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটি, ইসবপুর, ধামইরহাট, নওগাঁ।
৪. অফিস কপি।